

২০২০

বাংলা - সাম্মানিক

প্রথম সেমেস্টার

পত্র : CC-2

(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'বাগ্ধ্বনি' কী? বিভাজ্য ধ্বনির দুটি প্রধান শ্রেণির নাম উল্লেখ করো। ব্যঞ্জনধ্বনির উচ্চারণস্থানগুলির নাম লেখো।
২+২+৬

অথবা,

- (খ) বাংলা ভাষার শব্দভাণ্ডারকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়? একটি রেখাচিত্র দ্বারা বোঝাও। যে-কোনো একটি বিভাগ সম্পর্কে আলোচনা করো।
৫+৫

- ২। (ক) উপভাষা বলতে কী বোঝো? বরেন্দ্রী উপভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।
৩+৭

অথবা,

- (খ) শব্দের ধ্বনি পরিবর্তন বলতে কী বোঝো? শ্রেণিবিভাগসহ 'সমীভবন'-এর পরিচয় দাও।
৩+৭

- ৩। (ক) ক্রিয়ার কাল বলতে কী বোঝো? মৌলিক কাল কাকে বলে? মৌলিক কালের বিভাজনগুলি উদাহরণসহ উল্লেখ করো।
৩+৩+৪

অথবা,

- (খ) বিভক্তি কী? বিভক্তি কয় প্রকার ও কী কী? বাংলা কারকগুলির প্রচলিত বিভক্তিচিহ্নগুলি উদাহরণসহ লেখো।
২+২+৬

- ৪। (ক) 'অক্ষর' কাকে বলে? অক্ষর গঠনের মূল নিয়ম কী?
৩+২

অথবা,

- (খ) একটি রেখাচিত্রের সাহায্যে বাংলা স্বরধ্বনির উচ্চারণস্থান নির্দেশ করো।
৫

- ৫। (ক) 'অন্ত্যস্বরাগম' কাকে বলে? উদাহরণসহ লেখো।
৫

অথবা,

- (খ) শব্দের অর্থ পরিবর্তনের মূল ধারাগুলি উল্লেখ করো। যে-কোনো একটি ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।
২+৩

Please Turn Over

৬। (ক) বচন কী? বাংলায় ক্রিয়ার রূপ নিয়ন্ত্রণে বচনের ভূমিকা আলোচনা করো।

২+৩

অথবা,

(খ) বাংলা ব্যাকরণে পুরুষ কয় প্রকার? আলোচনা করো।

৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

(ক) ধ্বনি ও বর্ণের পারস্পরিক সম্পর্ক সংক্ষেপে আলোচনা করো।

(খ) শব্দগুলির বিবর্তন কীভাবে হয়েছে দেখাও — গোঁসাই, তিন।

অথবা,

(গ) বাংলা ক্রিয়াবাচক বিশেষ্য কীভাবে গঠিত হয়?

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) বাংলা ভাষার যে-কোনো দুটি যুগ্মস্বরের উদাহরণ দাও যাদের বর্ণরূপ আছে।

(খ) দুটি তরল ধ্বনির উদাহরণ দাও।

(গ) 'আস্তাবল'-এর উৎস-শব্দটি কী?

(ঘ) উচ্চারণগতভাবে বাংলার কেন্দ্রীয় স্বরধ্বনিটি কী?

(ঙ) কলকাতা জেলায় কোন উপভাষা প্রচলিত?

(চ) কৃতঋণ শব্দের দুটি ধারা কী কী?

(ছ) 'মৃগ' শব্দটির মূল ও বর্তমান অর্থ লেখো।

(জ) "স্মৃতিগুলো কিছুতেই পিছু হাঁটে না" — কোন বচন?

(ঝ) "আমি বলতেই থাকি, কিন্তু সে শোনে না।" — ক্রিয়ার কাল নির্দেশ করো।

(ঞ) "আমাগো খাইতে দিবা না?" — কোন উপভাষা?

(ট) 'অমিয়' — কোন ধরনের শব্দ?

(ঠ) একটি মিশ্র শব্দের উদাহরণ দাও।

(ড) ধ্বনি পরিবর্তনের যে-কোনো একটি কারণ উল্লেখ করো।

(ঢ) "ভালো কইর্যা বাজান গো দোতরা সুন্দরী কমলা নাচে।" — কীসের উদাহরণ?

(ণ) যে-কোনো একটি বাংলা সম্মুখ স্বরধ্বনির উল্লেখ করো।